



GOVERNMENT OF WEST BENGAL
GOVERNMENT GENERAL DEGREE COLLEGE, LALGARH
LALGARH::JHARGRAM::721516
Website: www.lalgarhgovtcollege.org

Date: 22.06.2023

তৃতীয় সেমিস্টারের পরীক্ষার উত্তরপত্র দেখতে চাওয়া (Self-inspection), উত্তরপত্র পুনঃমূল্যায়ন (Review) এবং বর্তমানের ফলাফল বাতিল (Result Cancel) সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা লালগড় সরকারি মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, B.A./B.Sc. (Hons. & General) 3rd Semester Examination-2022 এর ফলাফলের ভিত্তিতে যদি কেউ নিজের উত্তরপত্র দেখতে চায় (Self-inspection) তাহলে তাকে আগামী 28.06.2023 দুপুর 12 টার মধ্যে কলেজের Principal স্যারের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের Controller of Examination-এর উদ্দেশ্যে নির্দিষ্ট Format এ একটি আবেদনপত্র জমা দিতে হবে। আবেদনপত্রের সাথে তৃতীয় সেমিস্টারের মার্কশিটের এক কপি জেরক্স এবং প্রতিটি পেপার অনুযায়ী 400 টাকা করে কলেজের অফিসে জমা করতে হবে।

B.A./B.Sc. (Hons. & General) 3rd Semester examination-2022 এর ফলাফলের ভিত্তিতে যদি কেউ নিজের উত্তরপত্র পুনঃমূল্যায়ন (Review) করতে চায় তাহলে তাকে আগামী 28.06.2023 দুপুর 12 টার মধ্যে কলেজের Principal স্যারের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের Controller of Examination-এর উদ্দেশ্যে নির্দিষ্ট Format এ একটি আবেদনপত্র জমা দিতে হবে। উত্তরপত্র পুনঃমূল্যায়ন (Review) এর জন্য কলেজে নিম্নলিখিত Fees জমা করতে হবে-

- i) প্রতিটি পেপারের পুনঃমূল্যায়ন (Review) এর জন্য 60 টাকা
- ii) Form এর জন্য 40 টাকা
- iii) ফলাফল তৈরির জন্য 15 টাকা

একজন ছাত্র বা ছাত্রী একটি সেমিস্টারে দুই (2) এর অধিক পেপারে পুনঃমূল্যায়নের (Review) জন্য আবেদন করতে পারবে না। তাছাড়া উত্তরপত্র পুনঃমূল্যায়নের (Review) জন্য একজন ছাত্র বা ছাত্রীকে সেই সেমিস্টারে অন্তত 20% নম্বর পেতে হবে এবং সেই সঙ্গে অন্যান্য পেপারগুলিতে স্বতন্ত্রভাবে অন্তত 35% নম্বর পেতে হবে।

B.A./B.Sc. (Hons. & General) 3rd Semester examination-2022 এর ফলাফলের ভিত্তিতে যদি কোন ছাত্র বা ছাত্রী ভবিষ্যতে এই সেমিস্টারের ফলাফলের আরো উন্নতির জন্য বর্তমানের ফলাফল বাতিল (Result Cancel) করতে চায় তাহলে তাকে কলেজের Principal স্যারের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের Controller of Examination-এর উদ্দেশ্যে সাদা কাগজে নিজের সম্পূর্ণ তথ্যসহ একটি আবেদন পত্র আগামী 28.06.2023 দুপুর 12 টার মধ্যে কলেজে জমা করতে হবে। এই আবেদন পত্রের সাথে ছাত্র বা ছাত্রীকে তার নিজের আসল মার্কশিটটিও জমা দিতে হবে।

--
আদেশানুসারে